কালের কণ্ঠ

তারিখ 31 JAN 2017 পৃষ্ঠা 2 কলাম 2

# এসএসসিতে প্রশ্ন ফাঁসের সুযোগ নেই : নাহিদ

**নিজস্ব প্রতিবেদক ▷**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'এবারের এসএসসি ও সমমানের পরীক্ষায় প্রশ্ন ফাঁসের কোনো সুযোগ নেই। সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠান এবং প্রশ্নপত্র ফাঁস রোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। যেসব জায়গা থেকে প্রশ্নপত্র ফাঁস হয়, সেসব জায়গায় প্রতিরোধের ব্যবস্থা নেওয়া হয়েছে। গোয়েন্দা সংস্থার নজরদারিও বাড়ানো হয়েছে।'

গতকাল সোমবার সচিবালয়ে এসএসসি ও সমমান পরীক্ষা ২০১৭ সুষ্ঠু, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে গঠিত জাতীয় মনিটরিং এবং আইনশৃঙ্খলাসংক্রান্ত কমিটির সভায় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। আগামী ২ ফেব্রুয়ারি বৃহস্পতিবার শুরু হচ্ছে এসএসসি ও সমমানের পরীক্ষা।

শিক্ষামন্ত্রী বলেন, একটি চক্র ভুয়া প্রশ্নপত্র বানিয়ে ও গুজব ছড়িয়ে শিক্ষার্থীদের বিভ্রান্ত করে থাকে। ভুয়া প্রশ্ন বিক্রি করে পাঁচ হাজার থেকে তিন লাখ টাকা পর্যন্ত আয় করেছে অনেকে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতায় এদের কার্যক্রম বন্ধ করা সম্ভব হয়েছে। বিজি প্রেসের পুরো সিস্টেমে পরিবর্তন আনা হয়েছে। সেখানে প্রশ্ন ফাঁসের সুযোগ বন্ধ করা হয়েছে। একমাত্র সুযোগ ছিল পরীক্ষাকেন্দ্রে প্রশ্নপত্রের প্যাকেট খোলার সময়। সেখানেও কড়া নজরদারির ব্যবস্থা করা হয়েছে। তিনি বলেন, 'প্রশ্ন ফাঁস বন্ধে কোচিং সেন্টারগুলোর প্রতি কড়া নজরদারি রাখা হয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তাসহ নানা প্রচেষ্টায় প্রশ্নপত্র ফাঁসের সব আশঙ্কা দূর হয়েছে।' সভায় বিভিন্ন মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ডের কর্মকর্তা এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

**'জেলার বাইরে শিক্ষার্থীদের পিকনিক নয়'** : নিজ জেলা ছাড়িয়ে অন্য কোনো জেলায় পিকনিকে যেতে পারবে না স্কুল-কলেজের শিক্ষার্থীরা। যদি যেতেই হয় তাহলে জেলা প্রশাসক অথবা শিক্ষা কর্মকর্তাকে তা আগাম জানাতে হবে। পিকনিকে যাওয়ার পথে দুর্ঘটনায় আহত শিক্ষক-শিক্ষার্থীদের দেখতে শিক্ষামন্ত্রী গতকাল ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে যান। এ সময় সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী আহত শিক্ষক-শিক্ষার্থীদের খোঁজখবর নেন এবং দায়িত্বরত চিকিৎসকদের সঙ্গে কথা বলেন। গত ২৫ জানুয়ারি যশোরের চৌগাছার বর্ণি রামকৃষ্ণপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা দিনাজপুরে একটি পিকনিক স্পটে যাওয়ার সময় মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় পড়ে।